গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন (বিআইডব্লিউটিসি)

এবং

সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০১৭ – ৩০ জুন, ২০১৮

# সূচিপত্র


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | ৩ |
| উপক্রমণিকা | | ৪ |
| সেকশন ১ ঃ | রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২ ঃ | বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/ Impact) | ৬ |
| সেকশন ৩ ঃ | কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| সংযোজনী ১ ঃ | শব্দসংক্ষেপ (Acronyms) | ৯ |
| সংযোজনী ২ ঃ | কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতি | ১০ |
| সংযোজনী ৩ ঃ | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয় বিভাগ/ দপ্তর/ সংস্থার উপর নির্ভরশীলতা | ১১ |

## বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন (বিআইডব্লিউটিসি) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of The Bangladesh Inland Water Transport Corporation (BIWTC)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

❖ **সাম্প্রতিক বছরসমূহের (২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭) প্রধান অর্জনসমূহ**

উল্লিখিত ৩ বছরে- ১টি রো রো ফেরি ও ২টি কে-টাইপ ফেরি নির্মাণপূর্বক ফেরি বহরে নতুন সংযোজন করা হয়েছে। ফলে ক্রমবর্ধিত যানবাহন পারাপারে ফেরি সার্ভিসে সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে ফেরি সার্ভিসে যথাক্রমে ২৩.১৩ লক্ষ, ২৫.৯৯ লক্ষ এবং ২৬.১০ লক্ষ যানবাহন পারাপার করা সম্ভব হয়েছে। দীর্ঘ ৬৩ বছর পর অভ্যন্তরীণ নৌপথে পরিচালনার জন্য সংস্থার নিজস্ব অর্থায়নে ৫৪.৩৬ কোটি টাকা ব্যয়ে ২টি আধুনিক যাত্রীবাহী জাহাজ **'এম ভি বাঙালি'** ও **'এম ভি মধুমতি'** নির্মাণ করা হয়েছে। ঢাকা-বরিশাল-খুলনা রুটে যাত্রী পরিবহন দীর্ঘদিন বন্ধ থাকার পর **'এম ভি মধুমতি'** জাহাজ দ্বারা ডিসেম্বর, ২০১৬ হতে প্রতি বৃহস্পতিবারে সার্ভিসটি পুনরায় চালু করা হয়েছে। জনগণের জন্য সেবা প্রদান সহজতর করার লক্ষ্যে **ঢাকা-বরিশাল-মোড়েলগঞ্জ যাত্রীবাহী সার্ভিসে** ১ মে, ২০১৫ হতে **ই-টিকেটিং সিষ্টেম** চালু করা হয়েছে। ঢাকা শহরের যানজট হ্রাস ও পরিবেশ দূষণরোধে বৃত্তাকার নৌ-পথে যাত্রী ও মালামাল পরিবহনের জন্য ১০টি ওয়াটার বাস নির্মাণ করে সার্ভিসে নিয়োজিত করা হয়েছে। ফেরি ঘাটে ব্যবহারের জন্য বিগত ৩ বছরে ২টি ওয়েব্রীজ স্কেল এবং ২টি রেকার সংগ্রহ করা হয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে ২টি উপকূলীয় যাত্রীবাহী জাহাজ, ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি, ২টি অভ্যন্তরীণ যাত্রীবাহী জাহাজ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে ২টি মিনি ইউটিলিটি ফেরি নির্মাণের কাজ শুরু করা হয়েছে।

❖ **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

সংস্থা কর্তৃক পরিচালিত সার্ভিসসমূহের সেবার মান উন্নয়নে জ্বালানী সাশ্রয়ী, টেকসই, আধুনিক ও দ্রুতগতি সম্পন্ন জলযান সংগ্রহ এ প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য চ্যালেঞ্জ। এ ছাড়া ফেরি রুটে এবং যাত্রীবাহী নৌপথের নাব্যতা সংকট, বৃত্তাকার নৌপথে ওয়াটারবাস পরিচালনার জন্য প্রয়োজনীয় অবকাঠামো ও পন্টুনের অভাব, নদীর নাব্যতা সংকট, সংযোগ সড়ক এর অপর্যাপ্ততা, বুড়িগঙ্গা নদীর দূষিত পানি বিআইডব্লিউটিসি পরিচালিত ফেরি সার্ভিস, যাত্রীবাহী সার্ভিস, ওয়াটার বাস সার্ভিসের সুষ্ঠু পরিচালনার ক্ষেত্রে অন্যতম চ্যালেঞ্জ। নদীর গতিধারা পরিবর্তনের ফলে ফেরি ঘাটের অব্যাহত ভাঙ্গন, জলযানসমূহের নিয়মিত মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং ফেরিঘাটে ই-টিকেটিং ব্যবস্থার প্রবর্তন এ সংস্থার কার্যক্রম পরিচালনায় বিশেষ চ্যালেঞ্জ।

❖ **ভবিষ্যৎ পরিকল্পনা**

বিআইডব্লিউটিসি'র বাণিজ্যিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও উন্নত সেবা প্রদানের লক্ষ্যে ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি, ২টি উপকূলীয় যাত্রীবাহী জাহাজ এবং ২টি অভ্যন্তরীণ যাত্রীবাহী জাহাজ ও ২টি মিনি ইউটিলিটি ফেরি নির্মাণাধীন রয়েছে। এছাড়াও রিভার ক্রুজার, অভ্যন্তরীণ যাত্রীবাহী জাহাজ, উপকূলীয় যাত্রীবাহী জাহাজ, সী-ট্রাক, ইমপ্রুভড্ কে-টাইপ ফেরী, ইমপ্রুভড্ ইউটিলিটি ফেরি, ইনস্পেকশন বোট, স্যালভেজ টাগ, ট্যাংকার ইত্যাদি নির্মাণ/ সংগ্রহ এবং পুরাতন জলযানগুলোর পুনর্বাসন করার পরিকল্পনা রয়েছে। বিআইডব্লিউটিসি'র ডকইয়ার্ডসমূহের কার্যক্ষমতা বৃদ্ধি ও আধুনিকায়নের জন্য স্লিপওয়ে নির্মাণ/ স্থাপন, আধুনিক ও উন্নত যন্ত্রপাতি সংগ্রহ, মেরিন ওয়ার্কশপ স্থাপন, অবকাঠামো উন্নয়ন এবং ফ্লোটিং ডক সংগ্রহ ও স্থাপন, ঢাকা শহরের চতুর্দিকে বৃত্তাকার নৌপথে পরিচালনার জন্য আধুনিক যাত্রীবাহী জলযান সংগ্রহ, নিরাপদ ও নিরবচ্ছিন্ন ফেরি সেবা প্রদানের জন্য রেকার ও ওয়েব্রীজ সংগ্রহ ও স্থাপন, পাটুরিয়া, দৌলতদিয়া ও কাজিরহাট ফেরি ঘাটে ই-টিকেটিং বা Rapid Pass Card চালুকরণ ইত্যাদিও সংস্থার ভবিষ্যৎ পরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে।

❖ **২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি ও ২টি মিনি ইউটিলিটি ফেরি নির্মাণপূর্বক সার্ভিসে নিয়োজিতকরণ।
- ২টি যাত্রীবাহী জাহাজ নির্মাণপূর্বক উপকূলীয় রুটে নিয়োজিতকরণ।
- বিআইডব্লিউটিসি'র ডকইয়ার্ড নং-৩ এ ওয়ার্কশপ স্থাপন ও যন্ত্রপাতি সংগ্রহ।
- ফেরি সার্ভিসে সম্ভাব্য ২৬.৫২ লক্ষ যানবাহন পারাপার।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে চেয়ারম্যান বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন

এবং

সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের **১৫** তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন- ১

## বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন (বিআইডব্লিউটিসি)'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলি (Functions)

### ১.১ রূপকল্প (Vision):

অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ-পথে নিরাপদ, পরিবেশবান্ধব, সাশ্রয়ী যাত্রী ও পণ্য পরিবহন এবং যানবাহন পারাপার।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

নৌ-পথে যাত্রীবাহী জাহাজ ও পণ্যবাহী জলযান পরিচালনার মাধ্যমে দেশের মূল ভূখন্ড ও দ্বীপাঞ্চলের মধ্যে নিরাপদ যাত্রী ও মালামাল পরিবহন এবং নিরবচ্ছিন্ন সড়ক যোগাযোগ ব্যবস্থা রক্ষায় দক্ষ ফেরি সার্ভিস পরিচালনা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১. সেবা প্রদানে দক্ষতা বৃদ্ধি।
২. জলযান বহরের রক্ষণাবেক্ষণের সক্ষমতা বৃদ্ধি।

### ১.৪ কার্যাবলি (Functions)

১. অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ-পথে নিরাপদ ও দক্ষ শিপিং ও নৌ পরিবহনের ব্যবস্থা করা এবং উক্ত শিপিং ও নৌ পরিবহন ব্যবস্থার সাথে সম্পৃক্ত ও সহায়ক সকল কার্যাবলী সম্পাদন করা।
২. জলযান সংগ্রহ, চার্টার দেয়া, সংরক্ষণ অথবা বিক্রয় করা।
৩. অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ পথে তেলবাহী ট্যাংকার পরিচালনা করা।
৪. অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ-পথে লাইটারেজসহ যাত্রী ও পণ্যবাহী জলযান পরিচালনা করা।
৫. ফেরি সার্ভিস পরিচালনা করা।
৬. ডকইয়ার্ড এবং মেরামত ওয়ার্কশপ স্থাপন ও রক্ষনাবেক্ষণ করা।
৭. উপর্যুক্ত বিষয়ের সাথে সংশ্লিষ্ট ও সহায়ক অন্যান্য সকল কার্যাদি সম্পাদন করা।

## সেকশন- ২

### বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/ Impact)

| চূড়ান্ত ফলাফলের প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্ত সুত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ক) ফেরি সার্ভিসের দক্ষতা/ সক্ষমতা বৃদ্ধি | ফেরির মাধ্যমে যানবাহন পারাপারের বর্ধিত সংখ্যা। | সংখ্যা (লক্ষে) | ২৫.৯৯ | ২৬.১০ | ২৬.৫২ | ২৭.৮৪ | ২৯.০০ * * | বিআইডব্লিউটিএ কর্তৃক পর্যাপ্ত নাব্যতা নিশ্চিত সাপেক্ষে প্রতিফলিত লক্ষ্যমাত্রা অর্জন রক্ষা করা সম্ভব হবে। | • প্রতিটি ফেরি ঘাটে সংরক্ষিত রেজিষ্টার (T 2 - T 10 ফরমেট)<br>• প্রধান কার্যালয়ের বাণিজ্যিক বিভাগে সংরক্ষিত রেজিষ্টার।<br>• এমটিবিএফ ডকুমেন্ট।<br>• বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন। |

** কলাম-৭ এবং ৮ এ প্রদর্শিত লক্ষ্যমাত্রা ২০১৯ সালে পদ্মা সেতু চালু হওয়া সাপেক্ষে হ্রাস পেতে পারে।

* কলাম-৫ এর তথ্য মে ও জুন মাসের লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত করে দেয়া হয়েছে।

## সেকশন ৩

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ ক্রাইটেরিয়া মান ২০১৭-১৮ (Target/ Creiterial Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপণ Projection (২০১৮-১৯) | প্রক্ষেপণ Projection (২০১৯-২০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **বিআইডব্লিউটিসি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১। সেবা প্রদানে দক্ষতা বৃদ্ধি। | ৫২ | [১.১] ফেরি নির্মাণ/ সংগ্রহ। | [১.১.১] ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ কাজের ২৫% সম্পাদিত। | % | ১৬ | ৩০% | ৪৫% | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২১ | - | - |
| | | | [১.১.২] ২টি মিনি ইউটিলিটি ফেরি নির্মাণ কাজের ৭০% সম্পাদিত। | % | ১৬ | - | ৩০% | ৭০ | ৬৮ | ৬৬ | ৬৪ | ৬২ | - | - |
| | | [১.২] যাত্রাবাহী জাহাজ নির্মাণ/ সংগ্রহ। | [১.২.১] ২টি অভ্যন্তরীণ যাত্রীবাহী জাহাজ নির্মাণ কাজের ৩০% সম্পাদিত। | % | ১২ | ১০% | ৪০% | ৩০ | ২৯ | ২৮ | ২৭ | ২৬ | ২০% | - |
| | | | [১.২.২] ২টি উপকূলীয় যাত্রীবাহী জাহাজ নির্মাণ কাজের ৪০% সম্পাদিত। | % | ৮ | ৩০% | ৩০% | ৪০ | ৩৮ | ৩৭ | ৩৫ | - | - | - |
| ২। জলযান বহরের রক্ষণাবেক্ষণের সক্ষমতা বৃদ্ধি। | ২৮ | [২.১] বিআইডব্লিউটিসি'র ডকইয়ার্ডের উন্নয়ন। | [২.১.১] ডকইয়ার্ড নং-৩ এ সেমিপাকা শেড নির্মিত। | তারিখ | ১০ | - | ৫০% | ৩১/১২/১৭ | ৭/১/১৮ | ১৫/১/১৮ | ২২/১/১৮ | ৩১/১/১৮ | - | - |
| | | | [২.১.২] ডকইয়ার্ড নং-৩ এর পুরাতন যন্ত্রপাতি মেরামত ও ওভারহোলিং এর কাজ সম্পাদিত। | তারিখ | ১০ | - | ৫০% | ৩১/১২/১৭ | ৭/১/১৮ | ১৫/১/১৮ | ২২/১/১৮ | ৩১/১/১৮ | - | - |
| | | | [২.১.৩] ডকইয়ার্ড নং-৩ এর জন্য নতুন যন্ত্রপাতি সংগৃহীত। | তারিখ | ৮ | - | - | ১/৬/১৮ | ৭/৬/১৮ | ১৫/৬/১৮ | ২১/৬/১৮ | ৩০/৬/১৮ | - | - |
| মোটঃ | ৮০ | | | | ৮০ | - | | | | | | | | |

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন, নৌপরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন-এর চেয়ারম্যান-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

| | |
|---|---|
| চেয়ারম্যান<br>বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন | ১৫।৬।১৭<br>তারিখ |
| সচিব<br>নৌপরিবহন মন্ত্রণালয় | ১৫/৬/২০১৭<br>তারিখ |

# শব্দ সংক্ষেপ

## (Acronyms)

| | |
|---|---|
| **ADP**<br>এডিপি | Annual Development Programe<br>বার্ষিক উন্নয়ন কর্মসূচী |
| **BIWTC**<br>বিআইডব্লিউটিসি | Bangladesh Inland Water Transport Corporation<br>বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোশেন |
| **BIWTA**<br>বিআইডব্লিউটিএ | Bangladesh Inland Water Transport Authority<br>বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ |
| **DPP** | Development Project Proposal |
| **IMED**<br>আইএমইডি | Implementation, Monitoring & Evaluation Division |
| **K-type Ferry**<br>কে-টাইপ ফেরি | Conventional Ferry<br>ফেরিগুলোর নামের আদ্যাক্ষর 'ক' দিয়ে শুরু। |
| **MTBF**<br>এমটিবিএফ | Medium Term Budgetary Framework<br>মধ্য মেয়াদী বাজেট কাঠামো |
| **M.V**<br>এম.ভি | Motor Vessel |
| **Ro Ro Ferry**<br>রো রো ফেরি | Roll-on Roll-of Ferry |

## সংযোজনী- ২ ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা এবং পরিমাপ পদ্ধতির এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | [১.১] ফেরি নির্মাণ/ সংগ্রহ। | [১.১.১] ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ কাজের ২৫% সম্পাদিত। | ১। বিআইডব্লিউটিসি'র পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনের লক্ষ্যে ২টি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ কাজের ২৫% বাস্তব অগ্রগতি অর্জন করা। | | • প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত মাসিক প্রতিবেদন (IMED-05)<br>• বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• প্রকল্প সমাপ্তি প্রতিবেদন। | শিমুলিয়া (মাওয়া) ফেরি সেক্টরে পরিচালিত পুরাতন ও ঝুঁকিপূর্ণ ডাম্ব ফেরিগুলো অবিলম্বে প্রতিস্থাপনের জন্য প্রাধিকার ভিত্তিতে দু'টি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ কার্যক্রম চলমান। |
| | | [১.১.২] ২টি মিনি ইউটিলিটি ফেরি নির্মাণ কার্যক্রমের ৭০% সম্পাদিত। | ২। স্বল্প দূরত্ব সম্পন্ন ফেরি রুটে পরিচালনার নিমিত্ত ২টি মিনি ইউটিলিটি ফেরি নির্মাণ কাজের ৭০% বাস্তব অগ্রগতি অর্জন করা। | | • প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত মাসিক প্রতিবেদন (IMED-05)<br>• বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• প্রকল্প সমাপ্তি প্রতিবেদন। | স্বল্প দূরত্ব সম্পন্ন ও নতুন চালুকৃত ফেরি রুটসমূহে পরিচালনার জন্য ২টি মিনি ইউটিলিটি ফেরি নির্মাণ কার্যক্রম চলমান। |
| ২। | [১.২] যাত্রাবাহী জাহাজ নির্মাণ/ সংগ্রহ। | [১.২.১] ২টি উপকূলীয় যাত্রীবাহী জাহাজ নির্মাণ কাজের ৪০% সম্পাদিত। | ২.১। চট্টগ্রাম-সন্দ্বীপ-হাতিয়া-বরিশাল উপকূলীয় রুটে এবং চট্টগ্রামের কুমিরা ও সন্দ্বীপের গুপ্তচরার মধ্যে চলাচলের জন্য যথাক্রমে ৭০০ ও ৫০০ যাত্রী ধারণ ক্ষমতা সম্পন্ন ২টি যাত্রীবাহী জাহাজের নির্মাণ কাজের ৪০% বাস্তব অগ্রগতি অর্জন করা। | বিআইডব্লিউটিসি | • প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত মাসিক প্রতিবেদন (IMED-05)<br>• বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• প্রকল্প সমাপ্তি প্রতিবেদন। | উপকূলীয় এলাকায় বিআইডব্লিউটিসি পরিচালিত যাত্রীবাহী জাহাজগুলো একমাত্র নিরাপদ ও নির্ভরযোগ্য যোগাযোগের মাধ্যম হওয়ায় আলোচ্য জাহাজ দু'টি এতদ্অঞ্চলে যোগাযোগ ব্যবস্থা, অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে। জাহাজ ২টি নির্মাণের কাজ চলমান। |
| | | [১.২.২] ২টি অভ্যন্তরীণ যাত্রীবাহী জাহাজ নির্মাণ কাজের ৩০% সম্পাদিত। | ২.২। ঢাকা-বরিশাল-খুলনা রুটে পরিচালনার জন্য ২টি যাত্রীবাহী জাহাজ নির্মাণ কাজের ৩০% বাস্তব অগ্রগতি অর্জন করা। | | | অভ্যন্তরীণ নৌ-পথে সরকারের পক্ষে নিরাপদ ও ঝুঁকিমুক্ত উন্নতমানের যাত্রীসেবা প্রদানের জন্য আলোচ্য জাহাজ ২টি প্রাধিকার ভিত্তিতে নির্মাণ করা হচ্ছে। নির্মাণের কাজ চলমান। |
| ৩। | [৩.১] বিআইডব্লিউটিসি'র ডকইয়ার্ড নং-৩ এর উন্নয়ন। | [৩.১.১] ডকইয়ার্ড নং-৩ এ সেমিপাকা শেড নির্মিত।<br>[৩.১.২] ডকইয়ার্ড নং-৩ এর পুরাতন যন্ত্রপাতি মেরামত ও ওভারহোলিং এর কাজ সম্পাদিত।<br>[৩.১.৩] ডকইয়ার্ড নং-৩ এর জন্য নতুন যন্ত্রপাতি সংগৃহীত। | নারায়ণগঞ্জস্থ বিআইডব্লিউটিসি'র ৩নং ডকইয়ার্ডের ওয়ার্কশপ স্থাপন এবং ওয়ার্কশপের জন্য নতুন মেশিনারিজ সংগ্রহ ও পুরাতন মেশিনারিজ ওভারহোলিং এর মাধ্যমে ডকইয়ার্ড নং-৩ এর কার্যক্রম পুনরায় চালুকরণ। | | • প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত মাসিক প্রতিবেদন (IMED-05)<br>• বিআইডব্লিউটিসি'র বার্ষিক প্রতিবেদন।<br>• প্রকল্প সমাপ্তি প্রতিবেদন। | |

## সংযোজনী- ৩ ঃ অন্য মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্টানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত সংস্থার নিকট চাহিদা/ প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| বিআইডব্লিউটিএ | বিভিন্ন ফেরি রুটে প্রয়োজনীয় ড্রেজিং কার্যক্রম এবং ফেরি ঘাটে পন্টুন স্থাপন। | ফেরির মাধ্যমে যানবাহন পারাপারের বর্ধিত সংখ্যা। | বিআইডব্লিউটিসি ২০১৫-১৬ অর্থ বছরে ফেরি সার্ভিসে ২৫.৯৯ লক্ষ যানবাহন পারাপার করেছে। ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরে যথাক্রমে ২৬.১০ ও ২৬.৫২ লক্ষ যানবাহন পারাপারের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। বিআইডব্লিউটিএ কর্তৃক প্রয়োজনীয় ড্রেজিং এর কাজ সম্পন্নপূর্বক পর্যাপ্ত নাব্যতা নিশ্চিতকরণ এবং ফেরি ঘাটে সার্বক্ষনিকভাবে পন্টুন স্থাপন করা হলে প্রতিফলিত লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে। | বিভিন্ন ফেরি রুটে প্রয়োজনীয় ড্রেজিং কার্যক্রম সম্পাদন এবং ফেরিঘাটসমূহে সার্বক্ষণিক পন্টুন স্থাপন নিশ্চিত করা হলে বিআইডব্লিউটিসি দিবা-রাত্র ফেরি সার্ভিস পরিচালনা করে যানবাহন পারাপার নিশ্চিত করতে পারে। | ফেরি রুটের অপর্যাপ্ত নাব্যতা দিবা-রাত্র ফেরি সার্ভিস পরিচালনাকে বাধাগ্রস্থ করে। দেশের সার্বিক যোগাযোগ ব্যবস্থা ও অর্থনৈতিক কর্মকান্ড বাধাগ্রস্থ হয়। ফেরিগুলোকে under load এ চলাচল করতে হয়। ফলে সংস্থার রাজস্ব অর্জন হ্রাস ও পরিচালন ব্যয় বৃদ্ধি পায়। সর্বোপরি যানবাহন পারাপারের লক্ষ্যমাত্রা অর্জন করা কঠিন হয়। |

## দপ্তর/ সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

## (মোট মান-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | .৫ | ১৯এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদচুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০ জুন | ২১ জুন |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | .৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | ১৫ মার্চ | |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের | উদ্ভাবনী উদ্যোগ ও SIP- সমূহের | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | ডাটাবেজ প্রস্তুতকৃত | | | | | ফেব্রুয়ারী | | |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিস্পত্তি | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারী | ১৫ ফেব্রুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারী | ১৫ ফেব্রুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | .৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়[1] | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | .৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |